



12 February 2023

Press Release

Public Health on Top: Tobacco Control Law Must be Strengthened

Textiles and Jute Minister during Meeting with PROGGA-ATMA

The priority of public health is above everything else. A strong tobacco control law is a must to reduce the death toll caused by tobacco. Mr. Golam Dastagir Gazi Bir Protik MP, the Minister of Textiles and Jute said this on Sunday (12 February) at the Secretariat during a meeting with delegations from PROGGA (Knowledge for Progress) and Anti-Tobacco Media Alliance (ATMA). The minister also affirmed his Ministry's full support behind the Health Ministry's attempt to amend the tobacco control law.

During the meeting, PROGGA and ATMA informed that currently the prevalence of tobacco use stands at 35.3 percent (37.8 million) of the adult population (15 y/o and above). Tobacco-related deaths and diseases cost the economy dearly since the financial toll is much higher than the revenue generated from tobacco sector. Realizing the extent of tobacco's devastation, the Honorable Prime Minister voiced her commitment to build a tobacco-free country by 2040 and accordingly provided the directive to bring time-fitting changes to the tobacco control law. Following the clear directive from the HPM, the Health Ministry took the initiative to amend the law. Some of the proposals included in the draft amendment are eliminating Designated Smoking Areas (DSAs) in all public places and public transports, banning the display of tobacco products, banning so-called corporate social responsibility (CSR) programs of tobacco companies, banning the sale of loose tobacco products, banning the production, import and sale of e-cigarettes and other vaping products and increasing the area allotted for graphic health warning (GHW) to 90 percent from existing 50 percent.

The discussants of the event included Md. Mostafizur Rahman, Lead Policy Advisor, Campaign for Tobacco-Free Kids (CTFK), Mortuza Haider Liton, Convener, ATMA, Md. Shafiqul Islam, Business In-charge, Banglatribune and Md. Hasan Shahriar, Program Head, PROGGA.

Message Sender

Mehedi Hasan

PROGGA (Knowledge for Progress)

Cell: 01712061537, 01711309173

Telephone: 48033119



সংবাদ বিজ্ঞপ্তি

জনস্বাস্থ্য সবার উপরে, তামাকনিয়ন্ত্রণ আইন শক্তিশালী করতে হবে প্রজ্ঞা-আত্মার সাথে বৈঠকে বস্ত্র ও পাটমন্ত্রী

জনস্বাস্থ্য সবার উপরে। তামাক ব্যবহারজনিত মৃত্যু কমাতে শক্তিশালী আইন জরুরি বলে মত প্রকাশ করেছেন বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী (বীর প্রতীক)। তিনি আরো বলেন স্বাস্থ্য মন্ত্রণালয়ের তামাক নিয়ন্ত্রণ আইন সংশোধনের উদ্যোগে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের পূর্ণ সমর্থন রয়েছে। রবিবার (১২ ফেব্রুয়ারি) সচিবালয়ে গবেষণা ও অ্যাডভোকেসি প্রতিষ্ঠান প্রজ্ঞা (প্রগতির জন্য জ্ঞান) এবং অ্যান্টি টোব্যাকো মিডিয়া এলায়েন্স- আত্মার একটি প্রতিনিধি দলের সাথে সাক্ষাতের সময় এসব কথা বলেন মন্ত্রী।

এ সময় প্রজ্ঞা এবং আত্মার পক্ষ থেকে জানানো হয়, বর্তমানে প্রাপ্তবয়স্ক জনগোষ্ঠীর ৩৫.৩ শতাংশ (৩ কোটি ৭৮ লক্ষ) তামাক ব্যবহার করে। তামাকখাত থেকে অর্জিত রাজস্ব আয়ের চেয়ে তামাক ব্যবহারজনিত মৃত্যু ও অসুস্থতায় যে আর্থিক ক্ষতি হয় তার পরিমাণ অনেক বেশি। তামাকের এই ভয়াবহতা রোধে ২০৪০ সালের মধ্যে দেশকে তামাকমুক্ত করার প্রত্যয় ব্যক্ত করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং এলক্ষ্যে তিনি তামাক নিয়ন্ত্রণ আইন যুগোপযোগী করার নির্দেশ দেন। পরবর্তিতে স্বাস্থ্য মন্ত্রণালয় আইন সংশোধনের উদ্যোগ গ্রহণ করে। তামাক নিয়ন্ত্রণ আইনের খসড়া সংশোধনীতে যেসব প্রস্তাব অন্তর্ভুক্ত করা হয়েছে তারমধ্যে রয়েছে সকল পাবলিক প্লেস ও পাবলিক পরিবহনে 'ধূমপানের জন্য নির্ধারিত স্থান' রাখার বিধান বিলুপ্ত করা; বিক্রয়স্থলে তামাকজাত দ্রব্য বা প্যাকেট প্রদর্শন নিষিদ্ধ করা; তামাক কোম্পানির সামাজিক দায়বদ্ধতা কর্মসূচিতে অংশগ্রহণ সম্পূর্ণভাবে নিষিদ্ধ করা; সব ধরনের খুচরা বা খোলা তামাকজাত দ্রব্য বিক্রয় নিষিদ্ধ করা; ই-সিগারেট, ভ্যাপিং, হিটেড টোব্যাকো প্রোডাক্টসহ এধরনের সকল পণ্য উৎপাদন, আমদানি ক্রয়-বিক্রয় নিষিদ্ধ করা; এবং তামাকজাত দ্রব্যের প্যাকেট বা মোড়কে সচিত্র স্বাস্থ্য সতর্কবার্তার আকার ৫০ শতাংশ থেকে বৃদ্ধি করে ৯০ শতাংশ করা ইত্যাদি।

বৈঠকে বস্ত্র ও পাটমন্ত্রীর সাথে আলোচনায় অংশ নেন ক্যাম্পেইন ফর টোব্যাকো ফ্রি কিডস (সিটিএফকে) এর বাংলাদেশ লিড পলিসি অ্যাডভাইজার মো. মোস্তাফিজুর রহমান, আত্মার আহ্বায়ক মর্তুজা হায়দার লিটন, বাংলা ট্রিবিউনের বিজনেস ইনচার্জ শফিকুল ইসলাম এবং প্রজ্ঞার কর্মসূচি প্রধান মো. হাসান শাহরিয়ার।

বার্তা প্রেরক,
মেহেদি হাসান, প্রজ্ঞা (প্রগতির জন্য জ্ঞান)
মোবাইল: ০১৭১২০৬১৫৩৭, ০১৭১১৩০৯১৭৩
টেলিফোন- ৪৮০৩৩১১৯
ইমেইল: progga.bd@gmail.com